আলমডাঙ্গা প্রেসক্লাবে উপজেলা চেয়ারম্যান মঞ্জিলকে ফুলেল শুভেচ্ছা প্রদান

আলমডাঙ্গা প্রেসক্লাবের পক্ষ থেকে নব নির্বাচিত উপজেলা চেয়ারম্যান কে,এম মঞ্জিলুর রহমানকে ফুলেল শুভেচ্ছা ও সম্মননা স্বারক প্রদান করা হয়েছে।

আজ বুধবার প্রেসক্লাবের আমন্ত্রণে উপজেলা চেয়ারম্যান প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয়ে উপস্থিত হলে তাঁকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় সাংবাদিকদের সাথে উপজেলা চেয়ারম্যানের এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। মত বিনিময় সভায় উপজেলা চেয়ারম্যান কে, এম মঞ্জিলুর রহমান বলেন,সাংবাদিকদের কারণেই কিন্ত দুষ্কৃতিকারীরা অপরাধ করতে ভয় পাই। যে কোন একটা ছোট ঘটনা ঘটলেই সাংবাদিকরা তা তুলে ধরছেন। আপনাদের কারণেই যারা দুষ্কৃতিকারী, যারা খারাপ মানুষ তারা পিছিয়ে যাচ্ছে।

তিনি বলেন, আজকে আপনাদের সাথে মিলিত হতে পেরে আমি খুবই খুশি হয়েছি। আপনারা জানেন বর্তমান সরকারের আপনাদের যে অঘাত স্বাধীনতা দিয়েছে, বিশেষ করে প্রিন্ট মিডিয়া ও ইলেক্ট্রনিক্স মিডিয়ায়। আজকে আপনাদের অবাধ বিচরণের কারণে অনেক অপরাধ লোপ পেয়েছে। রাজনীতি থেকে শুরু করে যারা দুষ্কৃতিকারী, যারা সমাজে খারাপ কাজের সাথে জড়িত ছিল সেই সমস্ত মানুষগুলো আজ কোথায়?

আপনাদের কারণেই আমি মনে করি এই আলমডাঙ্গার মানুষ এর সুফল ভোগ করছে। রাষ্ট্রের জন্য সমাজের জন্য আপনারা আপনাদের কর্মকান্ড চালিয়ে যান। আপনাদের সবই আছে শুধু অবকাঠামো নেই। এই অবস্থা থেকে যত দ্রুত সম্ভব আলমডাঙ্গা প্রেসক্লাবকে একটি নান্দনিক অবস্থানে নিয়ে যেতে আমরা কাজ করবো। আপনারা আমার পাশে থাকবেন এই প্রত্যাশা করছি।

আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টুর সভাপতিত্বে মত বিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাবেক উপপ্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন,